দৈনিক
ইত্তেফাক

তারিখ 14 JUN 2007
পৃষ্ঠা ১ কলাম ৭

# ১৩ বেসরকারি মেডিক্যাল কলেজে ভর্তি স্থগিতের নির্দেশ

## অভিযোগ নীতিমালা লংঘন

॥ আবুল খায়ের ॥

সরকারি নীতিমালা লংঘন করায় ১৩টি বেসরকারি মেডিক্যাল কলেজে এমবিবিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি স্থগিত করা হয়েছে। তদন্ত কমিটির রিপোর্টের প্রেক্ষিতে স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে দুই দফায় ১৩টি মেডিক্যাল কলেজে এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষা সাময়িকভাবে স্থগিত রাখার নির্দেশ জারি করা হয়। এই ১৩টি মেডিক্যাল কলেজ হচ্ছেঃ গুলশানের সাহাবউদ্দিন মেডিক্যাল কলেজ, উত্তরা মাওলানা ভাসানী মেডিক্যাল কলেজ, (২য় পৃঃ ২-এর কঃ দ্রঃ)

### ১৩টি বেসরকারি মেডিক্যাল

(প্রথম পৃঃ পর)

ধানমন্ডি জেড এইচ সিকদার মেডিক্যাল কলেজ, ধানমন্ডি নর্দার্ন ইন্টারন্যাশনাল মেডিক্যাল কলেজ, কল্যাণপুর ইবনে সিনা মেডিক্যাল কলেজ, তুরাগ থানাধীন ইস্ট ওয়েস্ট মেডিক্যাল কলেজ, কুমিল্লা লাকসাম রোডের সেন্ট্রাল মেডিক্যাল কলেজ, কুমিল্লা রেইসকোর্স প্রধান সড়কে ইস্টার্ন মেডিক্যাল কলেজ, সিরাজগঞ্জের নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজ, সিরাজগঞ্জের খাজা ইউনুস আলী মেডিক্যাল কলেজ, টঙ্গী তায়রুননেছা মেমোরিয়াল মেডিক্যাল কলেজ, টঙ্গী ইন্টারন্যাশনাল মেডিক্যাল কলেজ ও আশুলিয়া নাইটিংগেল মেডিক্যাল কলেজ।

অভিযোগে বলা হয়, বেসরকারি মেডিক্যাল কলেজসমূহ এমবিবিএস কোর্সে ভর্তি ও লেখাপড়ার ক্ষেত্রে সরকারি নীতিমালা অনুসরণ না করে নিজেদের খেয়াল-খুশিমত ও অব্যবস্থাপনার মধ্যে ছাত্র-ছাত্রী ভর্তি করছে। ফলে ছাত্র-ছাত্রীরা সুশিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। এ ধরনের অভিযোগের প্রেক্ষিতে বর্তমান তত্ত্বাবধায়ক সরকার তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করে। স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (মেডিক্যাল এডুকেশন) অধ্যাপক ডাঃ খন্দকার মোঃ সিফায়েত উল্লাহ কমিটির সভাপতি এবং দুই সদস্য হচ্ছেন স্বাস্থ্য মন্ত্রণালয়ের সিনিয়র সহকারি সচিব আলেয়া আক্তার ও অধিদফতরের সহকারি পরিচালক ডাঃ মোঃ বদিউর রহমান। তারা গত এপ্রিল মাসের প্রথম সপ্তাহ থেকে এই সকল মেডিক্যাল কলেজে সরেজমিনে পরিদর্শনে যান।